



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২১/০৬/২০২১খ্রিঃ

**প্রেস রিলিজ**

**রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ৩০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০৩ জন মাদক ব্যবসায়ী এবং ০৯ জন মাদকসেবীসহ মোট ১২ জন গ্রেফতার**



গত ২০-০৬-২০২১ খ্রি. রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) এর উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ এর অপারেশন কর্মপরিকল্পনায় মহানগরীর পৃথক পৃথক এলাকায় অভিযান পরিচালনা করে নেশা জাতীয় মদকদ্রব্য ৩০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০৩ জন মাদক ব্যবসায়ী এবং ০৯ জন মাদকসেবীসহ মোট ১২ জন গ্রেফতার।

ঘটনা-১ঃ গতকাল একটি অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে এসআই(নিঃ) মোঃ বাবুল ইসলাম এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এবং সঙ্গীয় অফিসার ফোর্সসহ আরপিএমপি রংপুর কোতয়ালী থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করা কালে উক্ত থানাধীন মুন্সিপাড়াছু কেরামতিয়া মাদ্রাসা সংলগ্ন মদিনা ম্যানশন, বাসা নং- ৮, রোড নং-১ এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে নেশা জাতীয় মদকদ্রব্য ৩০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ মহিলা আসামী ১। মোছাঃ মৌ আক্তার (২৭), স্বামী- মোঃ জাহাঙ্গীর আলম, মাতা- মোছাঃ ছামসুন নাহার, সাং- কামারপাড়া চামড়াপট্টি হাজিপাড়া, ওয়ার্ড- ১২, থানা- কোতয়ালী-কে গ্রেফতার করা হয় এবং পরবর্তীতে গ্রেফতারকৃত মহিলা আসামীর দেয়া তথ্যের ভিত্তিতে তার বাসায় অভিযান পরিচালনা করে উক্ত মাদক দ্রব্য পাচারের সাথে জড়িত আরো ০২ জন আসামী ২। মোঃ জাহাঙ্গীর আলম (৩২), পিতা- মোঃ নূরুল ইসলাম, সাং- কামারপাড়া চামড়াপট্টি হাজিপাড়া, ওয়ার্ড-১২, থানা- কোতয়ালী, ৩। আব্দুল আউয়াল মোঃ রাকিব হাসান @ রবি @ বাবু(৩০)(নব মুসলিম)পূর্বের নাম- শ্রী রবি দাস, পিতা- পুলিন রায়, মাতা- মালতি রাণি, সাং- মর্ডান আশরতপুর, ওয়ার্ড- ১৫, থানা- তাজহাট, সকলেই মহানগর, রংপুরসহ মোট ০৩ জনকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারায় মামলা দায়ের করা হয়।

ঘটনা-২ঃ গতকাল অপর অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে এসআই(নিঃ) মোঃ নাজমুল ইসলাম, এসআই(নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই(নিঃ) আবু ছাইয়ুম তালুকদার এবং সঙ্গীয় অফিসার ফোর্সসহ আরপিএমপি রংপুর কোতয়ালী থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে উক্ত থানাধীন ২৫ নং ওয়ার্ডছ শালবন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় এবং আলমনগর পীরপুড় সরকারী প্রাথমিক উচ্চ বিদ্যালয় এর বাউন্ডারী প্রাচীর এর ভিতরে নেশা জাতীয় মদকদ্রব্য গাঁজা সেবনের প্রস্তুতিকালে গাঁজা সেবনের সরঞ্জামাদিসহ ০৯ জন মাদকসেবী ১। মোঃ ফজলে রাকিব (২৮), পিতা- দেওয়ান আবু সাঈদ তাইমুর রহমান, সাং- করনজাই রোড, সেনপাড়া, ওয়ার্ড নং- ২১, থানা-কোতয়ালী, ২। ইফতি প্রধান (২৬), পিতা- মোঃ ওয়াহেদ প্রধান, সাং- গুপ্তপাড়া, ওয়ার্ড- ২৪, ৩। মোঃ আজম (২৯), পিতা- মোঃ মোছাদ্দেব আলী, সাং- গুপ্তপাড়া, ওয়ার্ড- ২৪, ৪। মোঃ আরিফুর রহমান (২৭), পিতা- শফিউল ইসলাম, সাং- গুপ্তপাড়া, ওয়ার্ড- ২৪, ৫। মোঃ আসিফ ইসলাম (২৫), পিতা- মোঃ আইয়ুব আলী, সাং- গুপ্তপাড়া, ওয়ার্ড- ২৪, ৬। মোঃ আসিফ আজম (২৬), পিতা- মোঃ নাইয়ার আজম, সাং- সেনপাড়া গ্রাড হোটেল মোড়, ওয়ার্ড-২১, ৭। তন্ময় (২০), পিতা- মৃত কুমারেশ, সাং- কামাল কাছনা, ওয়ার্ড- ২৪, ৮। মোঃ শাহাদৎ হোসেন (২১), পিতা- মোঃ বাদশা মিয়া, সাং- গুপ্তপাড়া, ওয়ার্ড- ২৪, ৯। জামাল হোসেন (৫৫), পিতা- মৃত ফকির চন্দ, সাং- আলম নগর খামার চুড়ি পট্টি, সর্ব থানা- কোতয়ালী, মহানগর, রংপুরকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারায় মামলা দায়ের করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারায় মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মেট্রোপলিটন এলাকায় সকল প্রকার অপরাধ দমন ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশ ডিবির অভিযান অব্যাহত থাকবে।

২১.০৬.২০২১  
(মোঃ ফারুক আহমেদ)  
সহকারী পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৭২